

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১২তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৫০/২০১৩

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ০৩/০৬/২০১৩খ্রিঃ।

২০ জ্যৈষ্ঠ, ১৪২০ বাংলা।

কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস স্মারক নং-পিএসআই/বিবিধ/সভা/১৫৬/২০০২/অংশ-১/৭৭৪৪ কাস, তারিখঃ ৩০/০৫/২০১৩ এর প্রয়োজ্য অংশ সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাঃ/-

এম রহমান

উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-পিএসআই/বিবিধ/সভা/১৫৬/২০০২/অংশ-১/৭৭৪৪ কাস

তারিখ-৩০/০৫/২০১৩

বিষয় : বিল-অব-এন্ট্রিতে পণ্যের বিস্তারিত বিবরণ লিপিবদ্ধকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার জরুরী দৃষ্টি আকর্ষণ করা হলো।

- পিএসআই সংস্থা প্রদত্ত সেবার মেয়াদ পরবর্তী সময়ের সাময়িক ঝুঁকি মোকাবেলার জন্য শক্তিশালী Data Base গড়ে তোলা প্রয়োজন। ASYCUDA++ সিস্টেমে রক্ষিত বিভিন্ন পণ্যের ডাটাবেইজ পর্যালোচনা করে দেখা যায় যে, অনেক ক্ষেত্রেই পণ্যের বর্ণনায় (Box No-31) শুধু সংক্ষেপে পণ্যের নাম লিপিবদ্ধ করা হয়; পণ্যের বিস্তারিত বিবরণ (যেমনঃ পণ্যের ব্র্যান্ড, মডেল, সাইজ, আর্ট নম্বর, পার্ট নম্বর, Composition প্রভৃতি) পূর্ণাঙ্গভাবে লিপিবদ্ধ করা হয় না। এর ফলে পণ্যের শুদ্ধায়নযোগ্য মূল্য নির্ণয়ের ক্ষেত্রে ASYCUDA++ সিস্টেমের ডাটাবেইজকে কার্যকরভাবে ব্যবহার করা অনেক ক্ষেত্রে সম্ভব হয় না। শুদ্ধ মূল্যায়ন বিধিমালা, ২০০০ এর বিভিন্ন বিধি পর্যায়ক্রমে অনুসরণ করার লক্ষ্যে এরূপ বিস্তারিত বিবরণ সমৃদ্ধ ডাটাবেইজ অত্যাৱশ্যক। এর অভাবে শুদ্ধায়ন কাজে জটিলতা ও সময়ক্ষেপণ হওয়ার আশঙ্কা থাকে।
- এমতাবস্থায়, পণ্যের বাণিজ্যিক বর্ণনায় (Commercial Description) পণ্যের নামের পাশাপাশি বিস্তারিতভাবে অন্যান্য তথ্য, যেমনঃ ব্র্যান্ড, মডেল, সাইজ, আর্ট নম্বর, পার্ট নম্বর, Composition, Strength, পুরুত্ব (Thickness), ক্ষমতা (Capacity) প্রভৃতি (যে পণ্যের ক্ষেত্রে যা যা প্রয়োজ্য) বিল-অব-এন্ট্রির Box No-31 এ লিপিবদ্ধ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।
- সঠিক শুদ্ধায়ন এবং আমদানিকারকদের দ্রুত সেবা প্রদানে বিষয়টি জরুরী।

স্বাঃ/-

(কাঞ্চন রানী দত্ত)

এ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস্

কমিশনার অব কাস্টমসের পক্ষে

কাস্টম হাউস, চট্টগ্রাম

ফোন নং-০৩১-২৫২১১৮৮।

পৃষ্ঠা নং- ৫২